

## 💵 সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৮৭

১৪/ কর, খাজনা, অনুদান ও প্রশাসনিক দায়িত্ব সম্পর্কে (كتاب الخراج والإمارة والفيء)

পরিচ্ছেদঃ ১৫৯. গনীমতের মালে নবী (ﷺ) \_এর পছন্দনীয় অংশ

باب مَا جَاءَ فِي سَهْمِ الصَّفِيِّ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ خَلاَّدِ الْبَاهِلِيُّ، حَدَّثَنَا بَهْزُ بْنُ أَسَدٍ، حَدَّثَنَا حَمَّادٌ، أَخْبَرَنَا ثَابِتُ، عَنْ أَنَسٍ، قَالَ وَقَعَ فِي سَهْمِ دِحْيَةَ جَارِيَةٌ جَمِيلَةٌ فَاشْتَرَاهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم بِسَبْعَةِ أَرْوُّسٍ ثُمَّ دَفَعَهَا إِلَى أُمِّ سُلَيْمٍ تَصنْعُهَا وَتُهَيِّئُهَا قَالَ حَمَّادٌ وَأَحْسِبُهُ قَالَ وَتَعْتَدُّ فِي بَيْتِهَا صَفِيَّةُ بِنْتُ حُيَى مِ

## বাংলা

২৯৮৭. মুহাম্মদ ইবন খাল্লাদ বাহিলী (রহঃ) .... আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ দাহিয়া কালবীর ভাগে (খায়বরের যুদ্ধে) একজন সুশ্রী যুবতী আসে, যাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম সাতটি গোলামের বিনিময়ে খরিদ করেন। অতঃপর তিনি (দাহিয়া কালবী) ঐ দাসীকে উম্মু-সুলায়মের নিকট সোপর্দ করেন, যাতে তিনি তাকে গোসল করিয়ে সুন্দর বসন-ভূষণে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য সুসজ্জিত করে দেন।

রাবী হাম্মাদ বলেনঃ আমার ধারণা, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাফিয়্যাকে ইদ্দতকাল অতিবাহিত না হওয়া পর্যন্ত উম্মু-সুলায়মের নিকট অবস্থান করতে নির্দেশ দেন।

[সহীহঃ কিন্তু তার এ কথাঃ আমার মনে হয় ...... এতে প্রশ্ন রয়েছে। কেননা ইতিপূর্বে গত হয়েছে যে, সাদুস সাহাবা নামক জায়গাতে পৌছলে তিনি পবিত্র হন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাথে নির্জানাবাস করেন।]

## **English**

Anas said "A beautiful slave girl fell to Dihyah". The Apostle of Allaah()
purchased her for seven slaves. He then gave her to Umm Sulaim for decorating her and preparing her for marriage. The narrator Hammad said, I



think he said "Safiyyah daughter of Huyayy should pass her waiting period in her (Umm Sulaims') house."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন